দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 AUGUST 2025 , THURSDAY | ৭ আগস্ট ২০২৫ , বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-356

## সীমান্ত পেরিয়ে ভারতে ঢোকার সময় সীমান্ত রক্ষী বাহিনীর হাতে আটক বাংলাদেশী এক যুবক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি,৬ আগস্ট : ট্রাকের নীচে বসে সীমান্ত পেরিয়ে ভারতে ঢোকার সময় সীমান্ত রক্ষী বাহিনীর হাতে আটক বাংলাদেশী এক যুবক। জানা গেছে আটক যুবকের নাম জীবন রায়, বাড়ি বাংলাদেশের রংপুর জেলায়। উল্লেখ্য ভুটান থেকে পাথর নিয়ে বেশ কিছু ট্রাক ভারত হয়ে বাংলাদেশে যায়। মঙ্গলবার রাতে ভুটানের একটি ট্রাক বাংলাদেশে পাথর নামিয়ে ফিরে আসছিলো। ট্রাকটি শিলিগুড়ির অদুরে ভারত বাংলাদেশ সীমান্তের ফুলবাড়িতে পৌঁছালে সীনান্ত রক্ষী বাহিনী ট্রাকটি তল্লাশী করার সময় ট্রাকের নীচে বসা জীবন রায়কে আটক করে। আটক করা হয় ভুটান নম্বরের ট্রাক ও তার চালককে।আটক চালকের নাম রঞ্জিত ওঁরাও। আটক বাংলাদেশী যুবক ও ট্রাক চালককে নিউ জলপাইগুড়ি থানার পুলিশের হাতে তুলে দেয় সীমান্ত রক্ষী বাহিনী। পুলিশ ধৃত দুজনের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বুধবার দুজনকে জলপাইগুড়ি আদালতে পেশ করেছে। যুবক কি উদ্দেশ্যে অবৈধভাবে ভারতে প্রবেশ করছিলো তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।

## ১০০ দিনের কাজের দাবি নিয়ে ডেপুটেশন সিপিআইএমের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ আগস্ট : বিভিন্ন দাবি-দাবার ভিত্তিতে পারোকাটা গ্রাম পঞ্চায়েত প্রধানকে ডেপুটেশন দিলেন সিপিআইএমের পক্ষ থেকে বুধবার বিকেল চারটে নাগাদ। পারোকাটা এরিয়া কমিটির সম্পাদিকা রিংকু তরফদার জানিয়েছেন ১০০ দিনের কাজ দ্রুত চালু সহ বকেয়া মজুরি প্রদান এবং বছরে ২০০ দিন সহ ৬০০ টাকা দৈনিক হাজিরা প্রদান করতে হবে। আবাস যোজনা সুবিধা থেকে প্রকৃত উপভোক্তাদের বঞ্চিত করা যাবে না। খাস জমিতে বসবাস কারী সকলকে বৈধ পাট্টা দিতে হবে। এমন সমস্ত দাবি নিয়েই সিপিআইএম এর পক্ষ থেকে পারোকাটা এলাকায় একটি মিছিল করে গ্রাম পঞ্চায়েত দপ্তরে গিয়ে ডেপুটেশন দেওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েত প্রধান তাদের দাবিগুলি বিবেচনা করবেন বলে জানিয়েছেন।

## রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপর হামলার প্রতিবাদে অব্যাহত বিক্ষোভ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৬ আগস্ট : রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও তার কনভয়ের উপর হামলার প্রতিবাদে বুধবার ও রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষোভ দেখায় বিজেপি কর্মী সমর্থকরা। উল্লেখ্য মঙ্গলবার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শিলিগুড়ি থেকে গাড়িতে করে কোচবিহারে একটি দলীয় কার্যক্রমে যোগ দিতে আসছিলেন। তার গাড়ির কনভয় কোচবিহারের খাগড়াবাড়িতে পৌছাতেই তাকে কালো পতাকা দেখিয়ে গো ব্যাক শুভেন্দু স্লোগান দেওয়া হতে থাকে ও তার কনভয়ে হামলা চালানো হয়। বিরোধী দলনেতা জানান তৃণমূল সমর্থকরা ও তৃণমূলের মদতপুষ্ট একদল উন্মত্ত রোহিঙ্গা তার কনভয়ে প্রাণঘাতী হামলা চালায়। এই হামলার প্রতিবাদে মঙ্গলবার রাজ্য জুড়ে বিজেপি কর্মী সমর্থকরা পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন। বুধবার ও এই বিক্ষোভ প্রদর্শন জারী ছিলো। আলিপুরদুয়ার জেলার সবকটি ব্লকে বিজেপি কর্মী সমর্থকরা পথ অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন।

## উদ্ধার নশো সাতাশি বোতল নিষিদ্ধ কফ সিরাপ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৬ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের স্পেশাল অপারেশন ও দৌলতাবাদ থানার পুলিশ গোপন তথ্যের ভিত্তিতে বুধবার থানা এলাকায় অভিযান চালিয়ে একটি সন্দেহজনক গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় পাঁচটি ব্যাগে রাখা নশো সাতাশি বোতল নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল। গাড়ীর চালককে গ্রেপ্তারকরে পুলিশ। ঘটনার ভিত্তিতে দৌলতাবাদ থানায় একটি মামলা রুজু করে পুলিশ। গাড়িচালকের নাম ঠিকানা গোপন রেখে পুলিশ তদন্ত শুরু করেছে। ধৃত চালককে বুধবার আদালতে পাঠানো হয়েছে।

# ভারত ভুটান সীমান্তে দেহ ব্যবসার পর্দা ফাঁস পুলিশের




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৬ আগস্ট : দীর্ঘদিন ধরেই পুলিশ নজরদারি চালাচ্ছিল গোপনে। অবশেষে পুলিশ বড় সাফল্য পেল ভারত ভুটান সীমান্তে। ভারত-ভুটান সীমান্তবর্তী জয়গাঁয় দেহব্যবসা চক্রের পর্দাফাঁস করল পুলিশ। নেপালের তরুণীদের চাকরির প্রলোভন দেখিয়ে জয়গাঁ তে এনে জোর করে দেহ ব্যবসায় নামানো হচ্ছিল বলে অভিযোগ। জয়গাঁও থানার গোপন অভিযান চালিয়ে এই চাঞ্চল্যকর ঘটনার খোঁজ পাওয়া যায়।পুলিশ সূত্রে জানা গেছে, জয়গাঁওয়ের এইচএমডি রোডে অবস্থিত 'ভুটান গেস্ট হাউস' নামক একটি হোটেলে রাতে হানা দেয় পুলিশ। সেখানে নেপালের একাধিক তরুণীকে উদ্ধার করা হয়, যাঁদের দেহব্যবসায় জড়াতে বাধ্য করা হয়েছিল বলে অভিযোগ। ঘটনাস্থল থেকে হোটেল ম্যানেজার বিনা সুব্বা ও জয়গাঁওয়ের এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। বিনা ভুটানের গেলফু এলাকার বাসিন্দা বলে জানা গেছে।জয়গাঁও থানার আইসি পালজার ভুটিয়া জানান, "অনেক দিন ধরেই আমরা চক্রটির গতিবিধি নজরে রাখছিলাম। নির্ভরযোগ্য সূত্র থেকে সুনির্দিষ্ট খবর পাওয়ার পরেই আমরা অভিযান চালাই।"তিনি আরও জানান, ধৃত দুই অভিযুক্তকে আলিপুরদুয়ার আদালতে তোলা হয়েছে এবং হোটেল মালিকের খোঁজে তল্লাশি চলছে। পুলিশ এখন তদন্ত করে দেখছে এই চক্রের সঙ্গে আরও কারা যুক্ত এবং কতদিন ধরে এই বেআইনি কাজ চলছিল।এইচএমডি রোড সংলগ্ন এলাকায় এই ঘটনার পর চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দারা প্রশ্ন তুলছেন, সীমান্তের এত কাছাকাছি এলাকায় দীর্ঘদিন ধরে কীভাবে এমন অবৈধ কাজ নির্বিঘ্নে চালানো সম্ভব হলো।

# নিখোঁজ যুবতীর নিথর দেহ উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৬ আগস্ট : আলিপুরদুয়ার অরবিন্দ নগরের নিখোঁজ যুবতী অনুশীলা তালুকদারের নিথর দেহ পাওয়া গিয়েছে এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে বুধবার বিকেল পাঁচটা নাগাদ। গত সোমবার সকাল ১০ টা থেকে অনুশীলা নিখোঁজ ছিল। সোমবার বিকেলে অনুশীলার জুতা উদ্ধার হয় অরবিন্দ নগর ডিমা নদীর পাড় থেকে। সোমবার বিকেল থেকেই নিখোঁজ যুবতীর সন্ধান চালাচ্ছেন প্রশাসনিক স্তরের কর্তারা। অবশেষে বুধবার বেলা দুইটা নাগাদ তার নিথর দেহ উদ্ধার হয় । পূর্ব খোল্টার কালজানি নদীর ধারে তার নিথর দেহ ভাসতে দেখেন এলাকার বাসিন্দারা । এরপরই পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে যায়। অনুশীলার বাবা শনাক্ত করেন তার মেয়ের মৃতদেহ। শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। পুলিশ মৃতদেহ ময়নাতদন্ত করেছে।

# ফালাকাটায় ডাকাতি কাণ্ডে গ্রেফতার চারজন ,উদ্ধার সোনা




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৬ আগস্ট : বড় সাফল্য পেয়েছে ফালাকাটা থানার পুলিশ। একই সঙ্গে চারজনকে গ্রেফতার করতে পেড়েছে পুলিশ। বুধবার তাদের আদালতে তোলা হলে বিচারক তাদের জেল হেফাজতের নির্দেশ দেন। দিবালোকে ঘটে যাওয়া একটি ডাকাতি কাণ্ডের রহস্যভেদ করল ফালাকাটা থানার পুলিশ। গত ১৮ জুন ফালাকাটা শহরের দুলাল দোকান এলাকার বাসিন্দা এক স্কুল শিক্ষকের বাড়িতে এই চাঞ্চল্যকর ঘটনা ঘটে। সেই সময় বাড়ির মালিক অনুপম বর্মন ও তাঁর স্ত্রী কর্মস্থলে ছিলেন। ফাঁকা বাড়ির সুযোগ নিয়ে দুষ্কৃতীরা দরজা ও গ্রিল ভেঙে ঘরে ঢুকে আলমারিতে থাকা সোনা ও রূপোর গয়না লুট করে পালিয়ে যায়।ঘটনার তদন্তে নেমে প্রথমে কোচবিহার জেলার মাথাভাঙা থেকে অখিল শাহ নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। পরে তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে বীরপাড়ার পাপ্পু সাহানি ও আকাশ শাহ, এবং ফালাকাটার নরসিংহপুর এলাকার পবন রায়কে গ্রেপ্তার করা হয়।তদন্তে পুলিশ ধৃতদের কাছ থেকে ৭৬.১৭ গ্রাম সোনার গয়না ও ৮৬০.২১ গ্রাম রূপোর অলংকার উদ্ধার করেছে। তাদের বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করেছে পুলিশ। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য জানিয়েছেন এই অপরাধের সঙ্গে আরও কেউ জড়িত আছে কিনা তা তদন্ত করে দেখা হচ্ছে।জেলার পুলিশ সুপার ওয়াই. রঘুবংশী জানান, “এই ঘটনায় তদন্ত এখনও চলছে। ধৃত চার অভিযুক্তকে আদালতে পেশ করে রিমান্ডে নেওয়া হবে এবং জিজ্ঞাসাবাদ চালানো হবে।”ঘটনার পর এলাকা জুড়ে চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ এই চক্রে আরও কেউ জড়িত কি না, তা খতিয়ে দেখছে।

# আদিবাসী উৎসব নিয়ে বিতর্ক শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৬ আগস্ট : আদিবাসী উৎসব পালন নিয়ে বিতর্ক শুরু হলো শামুকতলায়। সরকারিভাবে ৮ আগস্ট শামুকতলা সিধু কানু কলেজ মাঠে আদিবাসী উৎসব পালিত হবে। অন্যদিকে বেসরকারি উদ্যোগে নয় আগস্ট জিৎপুর মিশন হাই স্কুল মাঠে আদিবাসী উৎসব পালন করবেন আদিবাসী সম্প্রদায়ের বেসরকারি সংগঠন। সরকারিভাবে আড়াই লক্ষ টাকা খরচ করা হবে উৎসবে অন্যদিকে বেসরকারি সংগঠন চাঁদা তুলে ৮০ হাজার টাকা খরচ করে করবেন আদিবাসী উৎসব। বেসরকারি সংগঠনের কর্মকর্তাদের কাছ থেকে জানা গেছে গত জুন মাস থেকেই তারা আদিবাসী উৎসব পালন করার প্রস্তুতি শুরু করেছিলেন। সরকারি উদ্যোগে আদিবাসী উৎসব পালন করা হলেও তাদেরকে বিষয়টি জানানো হয়নি। যদিও বেসরকারি সংগঠন জানিয়েছেন তাদের আদিবাসী উৎসব অনুষ্ঠানে কুমারগ্রাম এর বিধায়ক মনোজ কুমার ওরাও এবং সাংসদ মনোজ টিগ্গা উপস্থিত থাকবেন। অন্যদিকে সরকারি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রশাসনিক কর্তার পাশাপাশি তৃণমূলের নেতৃত্বরা। একই গ্রাম পঞ্চায়েতে পরপর দুদিন আদিবাসী উৎসব উপভোগ করবেন আদিবাসী সম্প্রদায়ের মানুষেরা।

# বিধায়কের উদ্যোগে ব্যাঙডোবা বনবস্তিতে বসল বিদ্যুতের খুঁট



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৬ আগস্ট : কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের প্রত্যন্ত ব্যাঙডোবা বনবস্তিতে কয়েকটি বাড়ি বিদ্যুৎ পরিষেবা থেকে বঞ্চিত রয়েছে। বুধবার ওই বনবস্তিতে বিদ্যুতের খুঁটি বসানো হল। বিদ্যুৎ বিভাগ সূত্রে জানা গিয়েছে, খুব শীঘ্রই ওই এলাকায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। এতে খুশি বনবস্তির বাসিন্দারা। এদিন বিদ্যুৎ বণ্টন কোম্পানির কর্মীরা গ্রামে এসে বিদ্যুতের খুঁটি বসান। উল্লেখ্য, ব্যাঙডোবা বনবস্তির কয়েকটি পরিবার বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। বহুবার আবেদন করেও বিদ্যুৎ সংযোগ মেলেনি বলে তাদের অভিযোগ। সমস্যার কথা জানতে পেরে মঙ্গলবার বনবস্তিতে আসেন কুমারগ্রামের বিধায়ক মনোজকুমার ওরাওঁ। তিনি বিদ্যুৎ বিভাগের সঙ্গে এই বিষয়ে কথা বলেন। এরপরই এদিন বনবস্তিতে বিদ্যুতের খুঁটি পড়ল। এর জন্য বিধায়ক ও বিদ্যুৎ বিভাগকে ধন্যবাদ জানিয়েছেন বনবস্তির বাসিন্দারা।

# শিলিগুড়িতে বাড়ি ভাড়া নিয়ে চলছিলো গাঁজার কারবার,পুলিশী অভিযানে গাঁজা সহ গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৬ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের একচল্লিশ নম্বর ওয়ার্ডের শাস্ত্রীনগরে একটি বাড়ি ভাড়া নিয়ে গাঁজার কারবার চালাচ্ছিলো কোচবিহারের বাসিন্দা আশুতোষ বিশ্বাস। মঙ্গলবার রাতে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ভক্তিনগর থানার পুলিশ গোপন সুত্রে খবর পআয় দক্ষিন দিনাজপুরের গঙ্গারামপুর থেকে দুই ক্রেতা ঐ বাড়িতে গাঁজা কিনতে এসেছে। পুলিশ খবর পেয়ে অভিযান চালিয়ে দুই ক্রেতা ও গাঁজা কারবারী আশুতোষ বিশ্বাসকে ধরে ফেলে। বাড়ির ঘর থেকে উদ্ধার হয় সতেরো কেজি গাঁজা। দক্ষিন দিনাজপুর থেকে আসা দুই ক্রেতার নাম উত্তম সরকার ও ঊজ্জ্বল সরকার। পুলিশ ধৃতদের বিরুদ্ধে এন ডি পিএস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে ধৃতদের বুধবার জলপাইগুড়ি আদালতে পাঠিয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। উল্লেখ্য সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |